

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
অডিট শাখা-০১  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.০১.১৭৫.১৮-১০২

তারিখ: ২৮ পৌষ ১৪২৭

১২ জানুয়ারি ২০২১

বিষয়: শেরপুর জেলার সদর উপজেলাধীন কুমরী তেঘরিয়া ফাজিল মাদ্রাসার সহকারী শিক্ষক (বিজ্ঞান)-  
এর উপর আনীত অডিট আপত্তি থেকে অব্যাহতি প্রদান।

সূত্র: ০১. টিএমইডি এর অডিট শাখার স্মারক নং-৫৭.০০.০০০০.১৪২.০১.১৭৫.১৮-৫১, তারিখ: ১৯.১০.২০২০ খ্রি।

০২. ডিএমই এর স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.৪৪.০০৩.২০-০৪, তারিখ: ২২.১২.২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শেরপুর জেলার সদর উপজেলাধীন কুমরী তেঘরিয়া ফাজিল মাদ্রাসার সহকারী শিক্ষক (বিজ্ঞান) জনাব মো: জবেদ আলী কে অডিট আপত্তি থেকে অব্যাহতি প্রদানের লক্ষ্যে বিএসআর প্রেরণের জন্যে ডিজি, ডিএমই-কে অনুরোধ করা হয়।

০২. তদপ্রেক্ষিতে ডিএমই কর্তৃক উক্ত মাদ্রাসা হতে সংগ্রহকৃত বিএসআর ডিজি, ডিএমই এর মতামতসহ টিএমইডি-তে পাওয়া গেছে।

০৩. প্রাপ্ত বিএসআর এর তথ্য নিম্নরূপ:

ক্র: নং	পরিদর্শক মহোদয়ের মন্তব্য/সুপারিশ	অধ্যক্ষ কর্তৃক জবাব	সভাপতি মহোদয়ের মন্তব্য	মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর মন্তব্য	TMED এর নির্দেশনা
৫(ক)	মাদ্রাসাটিতে বিজ্ঞান বিভাগ চালু থাকায় নীতিমালা মোতাবেক বিজ্ঞানের জন্য একজন সহকারী শিক্ষক সরকারি অনুদান প্রাপ্য। ০২ জন কর্মরত থাকায় ০১ জন অতিরিক্ত শিক্ষক কর্তৃক ০২-০১-৮৯ হইতে ৩১-০১-২৫ খ্রি. তারিখ পর্যন্ত ১৭২৫/- টাকা ক্রেতে গৃহীত ৯৯,১৭৭/৫০ টাকা সরকারি কোষাগারে ফেরতযোগ্য সুপারিশ ছিল। সুপারিশটি বাস্তবায়ন করা হয় নাই। অবিলম্বে উক্ত টাকা চালানোর মাধ্যমে জমা দিয়ে চালানোর কপি প্রদর্শন করিতে হইবে।	এ মাদ্রাসায় দাখিল শাখায় গত ১০-০৯-১৯৮৬ ইং তারিখে বিজ্ঞান বিভাগ খোলার পর সরকারি নীতিমালা মোতাবেক বিজ্ঞানের জন্য গত ৩১-১২-১৯৮৮ ইং তারিখে জনাব মো: জবেদ আলী কে সহকারী শিক্ষক (বিজ্ঞান) পদে নিয়োগ দেয়া হয়। বিজ্ঞান বিভাগ খোলার পূর্বে গত ০৬-০৪-১৯৮৬ ইং তারিখে জনাব মো: হাবিবুর রহমান কে (সহকারী শিক্ষক) পদে নিয়োগ দেওয়া হয়। গত ০১-০৫-১৯৯৫ ইং তারিখে মন্ত্রণালয়ের পরিদর্শন প্রতিবেদন রিপোর্টে জনাব মো: হাবিবুর রহমান কে (সহকারী শিক্ষক) তুলবশত বিজ্ঞান শাখায় দেখানোর কারণে একজনকে অতিরিক্ত শিক্ষক বলে ধরা হয়েছে। অথচ বিজ্ঞান শাখায় একজন শিক্ষক নিয়োগ দেওয়া হয়েছে। অতিরিক্ত কোন শিক্ষক নিয়োগ দেওয়া হয় নাই। জনাব মো: জবেদ আলী সহকারী শিক্ষক (বিজ্ঞান) এবং জনাব মো: হাবিবুর রহমান (সহকারী শিক্ষক) তাদের দুজনের নিয়োগ বিজ্ঞপ্তি, নিয়োগদান পত্র, যোগদান পত্র ও রেজুলেশনের কপি সংযুক্ত করা হলো। অতএব মহোদয় সমীপে বিনীত আরজ এই যে, উক্ত অডিট আপত্তি হতে অব্যাহতি দানে আপনার সু-আজ্ঞা হয়।	অধ্যক্ষের মতামতের সাথে একমত পোষণ করা হলো।	ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও সভাপতি, গভর্নিং বডি (জেলা প্রশাসক, শেরপুর) কর্তৃক উপস্থাপিত ব্রডশীট জবাব এবং উপস্থাপিত কাগজপত্র পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, জনাব মো: জবেদ আলী, সহকারী শিক্ষক (বিজ্ঞান) এবং জনাব মো: হাবিবুর রহমান, সহকারী শিক্ষক (গণিত)-কে আপত্তি হতে অব্যাহতি দেয়া যেতে পারে।	DG, DME এর মতামতের আলোকে উক্ত ব্যক্তিদ্বয়কে আপত্তির দায় হতে অব্যাহতি দেয়া হলো।

০৪. উপরিউক্ত মতে, জনাব মো: জবেদ আলী, সহকারী শিক্ষক (বিজ্ঞান) এর নিয়োগ সংক্রান্ত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়

তার নিয়োগ সঠিক এবং আপত্তি সংশ্লিষ্ট দায়ভার তাঁর উপর বর্তায় না।

০৫. এমতাবস্থায়, ছকে বর্ণিত ডিজি, ডিএমই এর সুপারিশের আলোকে জনাব মো: জবেদ আলী, সহকারী শিক্ষক (বিজ্ঞান), কুমরী তেঘরিয়া ফাজিল মাদ্রাসা, সদর, শেরপুর-কে আপত্তি হতে নির্দেশক্রমে অব্যাহতি প্রদান করা হলো।



১২-১-২০২১

নূরজাহান বেগম  
সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ গার্লস  
গাইড এসোসিয়েশন, গাইড হাউজ, ৭ম ও ১০ম তলা,  
নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.০১.১৭৫.১৮-১০২/১(৯)

তারিখ: ২৮ পৌষ ১৪২৭  
১২ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২) জনসংযোগ কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৩) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৪) সভাপতি, কুমরী তেঘরিয়া ফাজিল মাদ্রাসা, উপজেলা-সদর, জেলা-শেরপুর।

৫) অধ্যক্ষ, কুমরী তেঘরিয়া ফাজিল মাদ্রাসা, উপজেলা-সদর, জেলা-শেরপুর।

৬) অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)

৭) উপ-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)

৮) জনাব মো: জবেদ আলী, সহকারী শিক্ষক (বিজ্ঞান), কুমরী তেঘরিয়া ফাজিল মাদ্রাসা, উপজেলা-সদর, জেলা-শেরপুর।

৯) অফিস কপি, মাষ্টার কপি।



১২-১-২০২১

নূরজাহান বেগম  
সিনিয়র সহকারী সচিব